

৪শ' পরীক্ষার্থী বহিষ্কার

কারিগরি বোর্ডের অধীনে ইংরেজী এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে আলিম ও ফাযিল-এ কোরআন মজিদ বিষয়ে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সারাদেশে এ নয় শিক্ষা বোর্ডের অধীনে ৫ লাখ ৬০ হাজার ৫৪৯ জন পরীক্ষার্থী এবারের পরীক্ষায় অংশ নিয়েছে। এর মধ্যে ৭টি সাধারণ শিক্ষা বোর্ডে ৪ লাখ ২২ হাজার ৪৭৪ জন, মাদ্রাসা শিক্ষা বোর্ডে ৭৪ হাজার ৪০৫ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডে ৬৬ হাজার ৩৮ জন পরীক্ষার্থী রয়েছে। প্রাথমিকভাবে প্রাপ্ত তথ্যে প্রথম দিনের এ পরীক্ষায় অসমুপায় অবলম্বনের দায়ে ৩৭৩ জন পরীক্ষার্থী এবং পরীক্ষা কেন্দ্রে অব্যবস্থাপনার দায়ে একজন ও নকলে সহায়তার দায়ে কারিগরি পরীক্ষা কেন্দ্রের তিনজন শিক্ষকসহ মোট ৮ জনকে বহিষ্কার করা হয়েছে। তবে সকল কেন্দ্রের তথ্য পেলে পরীক্ষার্থী বহিষ্কারের সংখ্যা চারশ' ছাড়িয়ে যাবে বলে আভাস পাওয়া গেছে। ইংরেজী পরীক্ষায় বন্ধুকে প্রিয় নিতে এসে ধরা পড়ে জেলে গেছে এক যুবক। সরকারের অব্যাহত প্রচেষ্টার ফলে প্রায় নকলমুক্ত শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা হয়েছে বলে মন্তব্য করেছেন প্রতিমন্ত্রী আ ন ম এহম্মাদুল হক মিলন, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর সাহেদা ওবায়দুল মাদ্রাসা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মোঃ মনিরুল ইসলাম ও কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ডঃ ইব্রাহীম আলী। শিক্ষার্থী ডঃ তমসনা ফারুক কোন পরীক্ষা কেন্দ্রে পরিদর্শনে না গেলেও শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহম্মাদুল হক মিলন আকস্মিকভাবে কুটিয়া ও মেহেরপুর জেলার বেশ কয়েকটি কলেজ ও মাদ্রাসার পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন করেন। এদিকে ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর সাহেদা ওবায়দুল তার পরীক্ষা নিয়ন্ত্রক মোঃ মাহিনুদ্দিনকে সাথে নিয়ে ঢাকা মহানগরীর তেজগাঁও মহিলা কলেজ, ঢাকা কলেজ, ডিকালকনেনেসা নুন স্কুল এন্ড কলেজ ও নটরডেম কলেজ কেন্দ্রে পরিদর্শন করে সংশ্লিষ্ট প্রকাশ করেছেন।

প্রাপ্ত প্রাথমিক হিসাবে ঢাকা বোর্ডের অধীনে ১৭টি জেলায় প্রথম দিনের পরীক্ষায় ২১ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। এর মধ্যে ঢাকা মহানগরী থেকে বহিষ্কার হয়েছে মাত্র ১ জন পরীক্ষার্থী। কুমিল্লা জেলা সংবাদদাতা মোঃ মোবারক হোসেন জানান, এ বোর্ডের ৬টি জেলায় মধ্যে ৫টি জেলায় কোন বহিষ্কারের খবর নেগেনি। তবে নোয়াখালী জেলার বিভিন্ন কেন্দ্রে থেকে বহিষ্কার হয়েছে ৬ জন পরীক্ষার্থী। হাঙ্গার স্বাবো অফিস থেকে আমাদের টাফ রিপোর্টার রেবা রহমান জানান, এ শিক্ষা বোর্ডের ৭টি জেলায় বিভিন্ন কেন্দ্রে থেকে বহিষ্কার হওয়ায় ১৫ পরীক্ষার্থী ও একজন কেন্দ্র সচিব। গাংনা

মহিলা ডিগ্রী কলেজ কেন্দ্রে অব্যবস্থাপনার দায়ে এ কেন্দ্রের সচিব খোরশেদ আলমকে দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে। একই কারণে সতর্ক করে দেয়া হয়েছে মেহেরপুর সেকেন্ডারী গার্লস স্কুল এন্ড কলেজের কেন্দ্র সচিব আশতাকুজ্জামানকে। এ কেন্দ্রে থেকে দুইজন পরীক্ষার্থীকেও বহিষ্কার করা হয়। এছাড়া কুলনা ও হাঙ্গার থেকে ৩ জন করে, মাগুরা থেকে ২ জন, নড়াইল, খিনাইদহ ও সাতক্ষীরা থেকে ১ জন করে পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে বলে বোর্ড থেকে জানান হয়েছে। শিক্ষা প্রতিমন্ত্রী আ ন ম এহম্মাদুল হক মিলন কুটিয়া ও মেহেরপুর জেলার বিভিন্ন কেন্দ্রে পরিদর্শনকালে তথাকথিতভাবে এ স্বাবস্থা নেন।

আমাদের চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সংবাদদাতা জানান, চট্টগ্রাম শিক্ষা বোর্ডে প্রথম দিনে বহিষ্কার হয়েছে ৪ জেলার বিভিন্ন কেন্দ্রে থেকে মোট ৮ জন। এর মধ্যে চট্টগ্রাম জেলায় ২ জন, ঝাংড়াছড়িতে ২, কক্সবাজারে ১ এবং রাঙ্গামাটি জেলায় ৩ জন পরীক্ষার্থী বহিষ্কার করা হয়েছে। আমাদের রাজশাহী আঞ্চলিক প্রতিনিধি রেজাউল করিম রাজু জানান, এ বোর্ডের ১৬ জেলায় মধ্যে ১২ জেলার বিভিন্ন কেন্দ্রে থেকে বহিষ্কার করা হয়েছে ২০ জন পরীক্ষার্থীকে।

আমাদের বরিশাল ব্যাচো প্রধান নাহিম-উল-আলম জানান, এ বোর্ডের অধীনে ৬টি জেলার মধ্যে ৪টি জেলায় বহিষ্কার হয়েছে ১২ জন পরীক্ষার্থী। যার ৭ জনই বহিষ্কার হয়েছে বরগুনা জেলার বেতাঙ্গী কেন্দ্রে থেকে। এছাড়া বরিশাল ও ঝালকাঠী থেকে ২ জন করে এবং পিরোজপুর থেকে ১ জন পরীক্ষার্থী বহিষ্কার হয়েছে। বন্ধুর পরীক্ষার প্রিয় নিতে এসে বরিশালের পৌরনদী সরকারী কেন্দ্রে থেকে প্রোফেজর হয়ে জেলে গেছে সুজন হাওলাদার নামের এক যুবক। তার পরীক্ষার্থী বন্ধুর নাম কাইয়ুম ইসলাম।

আমাদের সিলেট আঞ্চলিক অফিস প্রধান এ টি এম হাফিজুর রহমান, সিলেট শিক্ষা বোর্ডের ৪টি জেলায় প্রথম দিনের পরীক্ষায় বহিষ্কার হয়েছে একজন পরীক্ষার্থী। হবিগঞ্জের চুনাকঘাট কেন্দ্রে থেকে এ পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। মাদ্রাসা শিক্ষা বোর্ডের কক্সবাজার থেকে বলা হয়েছে, বিগত পরীক্ষার তুলনায় এবার প্রথম দিনের কোরআন মজিদ পরীক্ষায় নকলের দায়ে বহিষ্কারের সংখ্যা বেড়েছে। এ বোর্ডের অধীনে দেশের ৬৪টি জেলায় মধ্যে এ রিপোর্ট দেয়া পর্যন্ত ৫০ জেলায় ৮০ জন পরীক্ষার্থী বহিষ্কারের খবর পাওয়া গেছে। এর মধ্যে সবচেয়ে বেশী বহিষ্কার হয়েছে রংপুরের পীরগঞ্জ (১৩), ঝালকাঠীর আমুন্ডায় (১২), কুড়িামার উপপুরে (৮)।

এদিকে অন্য ৮টি বোর্ডের নয় কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে সারাদেশে ৩৯৫টি কেন্দ্রে চতুর্থ বর্ষের এবং দ্বিতীয় বর্ষের পরীক্ষার প্রথম দিনে মোট ২১০ জন পরীক্ষার্থী ও ৩ জন শিক্ষক বহিষ্কারের খবর পাওয়া গেছে। ৬৪টি জেলায় মধ্যে কারিগরি পরীক্ষায় নকলের দায়ে সবচেয়ে বেশী বহিষ্কার হয়েছে গাইবান্ধার (২৫), নাটোর (২০) ও নওগাঁর (১৮)। বহিষ্কৃত ৩ জন শিক্ষকই বহিষ্কার হয়েছে মেহেরপুর জেলার একাধিক কেন্দ্রে থেকে।

এইচএসসি আলিম ফাযিল পরীক্ষা শুরু

৪শ' পরীক্ষার্থী ও ৪ জন শিক্ষক বহিষ্কার

ইনকিলাব রিপোর্ট : নয়টি শিক্ষা বোর্ডের অধীনে অভ্যন্তর শান্তিপূর্ণ পরিবেশে এইচএসসি, এইচএসসি জোকেশনাল এবং আলিম, ফাযিল ও কামিল পরীক্ষা শুরু হয়েছে। গতকাল (বৃহস্পতিবার) প্রথম দিনে ৭টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত হয়েছে ইংরেজী (মার্কশীর্ষক) প্রথম পত্রের পরীক্ষা। ৮-এর পৃঃ ২-এর কঃ দেখুন